

যুগান্তর

বরিশাল বিএম কলেজ

ছাত্রলীগ ও সাধারণ শিক্ষার্থীদের ধাওয়া পাল্টাধাওয়া

প্রকাশ : ৩০ মার্চ ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বরিশাল ব্যুরো

বরিশাল সরকারি ব্রজমোহন কলেজের অশ্বিনী কুমার ছাত্রাবাসে ছাত্রলীগ সমর্থক ও সাধারণ শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার গভীর রাতে ছাত্রাবাসের বিভিন্ন কক্ষের হিটার ভাঙচুরের সময় এ ঘটনা ঘটে। হিটারের তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নিজ কক্ষে আবু বকর সিদ্দিক মানিক নামে এক শিক্ষার্থীর মৃত্যুর জেরে বিক্ষুব্ধরা এ ভাঙচুর চালান। হিসাববিজ্ঞান মাস্টার্সের মেধাবী ছাত্র মানিক অশ্বিনী কুমার ছাত্রাবাসের ডি ব্লকের ১২৩নং কক্ষের আবাসিক ছাত্র ছিলেন। ২৬ মার্চ দুপুরে নিজ কক্ষে হিটারের তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান তিনি। প্রত্যক্ষদর্শীরা জানান, গভীর রাতে ছাত্রাবাসের অর্ধশতাধিক হিটার ভাঙার পর ডি ব্লকে ছাত্রলীগ কর্মী আরিফের কক্ষে হিটার ভাঙচুর করা হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।